

জর্ডান, ইথিওপিয়া ও ওমান সফরের প্রাক্কালে প্রধানমন্ত্রীর প্রস্থান বার্তা

15 ডিসেম্বর, 2025

আজ আমি তিনটি দেশের সফরে যাত্রা শুরু করছি, জর্ডানের হাশেমী রাজ্য, ফেডারেল ডেমোক্রেটিক রিপাবলিক অফ ইথিওপিয়া এবং সুলতানাত অফ ওমান, এই তিনটি দেশের সঙ্গে ভারতের প্রাচীন সভ্যতাগত সম্পর্কের পাশাপাশি সমসাময়িক দ্বিপাক্ষিক সম্পর্কও অত্যন্ত বিস্তৃত।

2. প্রথমে, আমি মহামহিম রাজা আবদুল্লাহ দ্বিতীয় ইবনে আল হুসেনের আমন্ত্রণে জর্ডান সফর করব। এই ঐতিহাসিক সফরের মাধ্যমে আমাদের দুই দেশের মধ্যে কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার 75 বছর পূর্তি স্মরণ করা হবে। আমার এই সফরকালে আমি মহামহিম রাজা আবদুল্লাহ দ্বিতীয় ইবনে আল হুসেন, জর্ডানের প্রধানমন্ত্রী মহামহিম শ্রী জাফার হাসান-এর সঙ্গে বিস্তারিত আলোচনা করব এবং মহামহিম যুবরাজ আল হুসেন বিন আবদুল্লাহ দ্বিতীয়-এর সঙ্গে সাক্ষাৎ ও মতবিনিময়ের জন্য প্রতীক্ষায় রয়েছি। আশ্মানে আমি প্রবাসী ভারতীয় সম্প্রদায়ের সক্রিয় ও প্রাণবন্ত সদস্যদের সঙ্গেও সাক্ষাৎ করব, যারা ভারত-জর্ডান সম্পর্ক জোরদারে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছেন।

3. আশ্মান থেকে, ইথিওপিয়ার প্রধানমন্ত্রী মহামহিম ড. আবি আহমেদ আলির আমন্ত্রণে, আমি ফেডারেল ডেমোক্রেটিক রিপাবলিক অফ ইথিওপিয়ায় আমার প্রথম সফর করব। আদিস আবাবা আফ্রিকান ইউনিয়নের সদর দপ্তরও বটে। 2023-সালে, ভারতের G20 সভাপতিত্বকালে, আফ্রিকান ইউনিয়নকে G20-এর স্থায়ী সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হয়। আদিস আবাবায়, আমি মহামহিম ড. আবি আহমেদ আলির সঙ্গে বিস্তারিত আলোচনা করব এবং সেখানে বসবাসকারী ভারতীয় প্রবাসী সম্প্রদায়ের সঙ্গে সাক্ষাৎ করার সুযোগও পাব। আমি সংসদের যৌথ অধিবেশনেও ভাষণ দেওয়ার সৌভাগ্য অর্জন করব, যেখানে 'গণতন্ত্রের জননী' হিসেবে ভারতের যাত্রাপথ এবং গ্লোবাল সাউথের জন্য ভারত-ইথিওপিয়া অংশীদারিত্ব যে মূল্য সংযোজন করতে পারে, সে বিষয়ে আমার ভাবনা ভাগ করে নেওয়ার জন্য অপেক্ষায় রয়েছি।

4. আমার সফরের শেষ পর্বে আমি ওমানের সুলতানাতে সফর করব। আমার এই সফরের মাধ্যমে ভারত ও ওমানের মধ্যে কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার 70 বছর পূর্তি উপলক্ষে হবে। মাস্কাটে, ওমানের মহামান্য সুলতানের সঙ্গে আলোচনার জন্য আমি আগ্রহভরে অপেক্ষা করছি এবং আমাদের কৌশলগত অংশীদারিত্বের পাশাপাশি দৃঢ় বাণিজ্যিক ও অর্থনৈতিক সম্পর্ককে আরও শক্তিশালী করার লক্ষ্যে এগিয়ে যেতে চাই। আমি ওমানে বসবাসকারী

ভারতীয় প্রবাসীদের এক সমাবেশেও ভাষণ দেব, যারা দেশটির উন্নয়নে এবং আমাদের অংশীদারিত্বকে আরও সুদৃঢ় করতে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন।

নয়া দিল্লি

15 ডিসেম্বর, 2025